**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৯৯

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসির সাথে বিএমবিএর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ প্রসঙ্গে।**

অদ্য ০৭ জানুয়ারি ২০২৬ তারিখে রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (বিএমবিএ) এর নবনির্বাচিত নির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দসহ আরো অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন। এসময় পুঁজিবাজারের উন্নয়নসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

সভায় বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (বিএমবিএ) এর নবনির্বাচিত নির্বাহী কমিটিকে বিএসইসির পক্ষ থেকে অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয় এবং পুঁজিবাজারের কল্যাণে একসাথে কাজ করার আহ্বান জানানো হয়।

সভায় বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ অন্যান্যে মধ্যে বলেন, "বিএমবিএ এর অন্যতম দায়িত্ব হলো ইস্যু ম্যানেজমেন্ট, আন্ডাররাইটিং ও পোর্টফোলিও ম্যানেজমেন্ট। বিএসইসি ও বাজার সংশ্লিষ্টদের প্রচেষ্টা ও পরিশ্রমের ফলস্বরূপ সম্প্রতি আইপিও রুলস গেজেটে প্রকাশিত হয়ে কার্যকর হয়েছে। আইপিও রুলস যুগোপযোগি হওয়ার মাধ্যমে পুঁজিবাজারে ভালো নতুন কোম্পানি নিয়ে আসার সুযোগ ও সম্ভাবনা বহুগুণে বৃদ্ধি পেয়েছে। বিএসইসির আশা করে যে, বিএমবিএ ও এর সদস্য ইস্যু ম্যানেজাররা ভালো কোম্পানিসমূহকে পুঁজিবাজারে নিয়ে আসার কাজ করবেন। এক্ষেত্রে বিএসইসি বরাবরই ইতিবাচক মনোভাব রাখে এবং পুঁজিবাজারে ভালো কোম্পানির তালিকাভুক্তি নিশ্চিতে বিএসইসি সব রকমের সহায়তা করবে।" তিনি পুঁজিবাজারে ক্যাপিটাল ফরমেশন, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ও কর্পোরেট অ্যাডভাইজরিসহ বিভিন্ন ক্ষেত্রে মার্চেন্ট ব্যাংকসমূহের সক্ষমতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। মার্চেন্ট ব্যাংকসমূহের সক্ষমতা, দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন হলে বিনিয়োগকারীসহ বাজার সংশ্লিষ্ট সকলকে পুঁজিবাজারের প্রতি আরো আকৃষ্ট ও আগ্রহী করবে বলে উল্লেখ করেন তিনি।

বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ অন্যান্যে মধ্যে বলেন, প্রতিটি মার্চেন্ট ব্যাংক এবং মার্চেন্ট ব্যাংকসমূহের সংগঠনের তথ্যবহুল ওয়েবপেজ ও ওয়েবপোর্টাল থাকা প্রয়োজন। প্রকৃত তথ্য সম্বলিত এসব ওয়েবপেজ ও ওয়েবপোর্টাল বিনিয়োগকারীসহ বাজার সংশ্লিষ্টদের পুঁজিবাজারে সচেতনতা সৃষ্টি করে তাদেরকে আরো উপযোগী করবে।

বেলা ১১:০০ টায় বিএসইসি ভবনে কমিশন সভা কক্ষে বিএসইসি'র চেয়ারম্যান ও সকল কমিশনারবৃন্দ এবং বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (বিএমবিএ) এর নির্বাহী কমিটির সকল সদস্যের উপস্থিতিতে সভা শুরু হয়। উক্ত সভায় বিএমবিএ এর সভাপতি ইফতেখার আলম, সাধারণ সম্পাদক সুমিত পোদ্দার, সহ-সভাপতি মো. মনিরুল হক, কোষাধ্যক্ষ সৈয়দ রাশেদ হুসাইন, সদস্য গাজী মোহাম্মদ তারেক, সদস্য সুমন কুমার কুন্ডু, সদস্য মো. সোহেল হক অংশগ্রহণ করেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

07/01/2026

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

